

# সমকাল

## চুয়েটে ভর্তি পরীক্ষা শনিবার

১১ অক্টোবর ২০১৯ | Updated ১১ অক্টোবর ২০১৯

---

চুয়েট সংবাদদাতা

---



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা শনিবার অনুষ্ঠিত হবে।

�দিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত তিন ঘণ্টা লিখিত এবং বিকেল আড়াইটা থেকে সাড়ে ৪টা পর্যন্ত দুই ঘণ্টা মুক্তহস্ত অঙ্কন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

চুয়েটের জনসংযোগ কর্মকর্তা মুহাম্মদ রাশেদুল ইসলাম জানান, এবার নতুন চালু হওয়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং এবং মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং নামের দুটি বিভাগে ৩০ জন করে শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবেন। অন্য বিভাগের মধ্যে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিংয়ে ১৮০, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ১৮০, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ১৩০, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে ১৩০, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৬০টি এবং আর্কিটেকচার, মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং, আরবান অ্যান্ড রিজিওনাল প্ল্যানিং এবং ওয়াটার রিসোর্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রতিটিতে ৩০টি করে আসন আছে।